

বিমান
28

বিদ্যুত বিড়ম্বনায় সবাই চিন্তিত / ৮ মার্চ মাধ্যমিক পরীক্ষা

৮ মার্চ মাধ্যমিক পরীক্ষা শুরু, পরীক্ষার্থী বেড়েছে ৩৩ হাজার

মোশতাক আহমেদ : এবারে মাধ্যমিক পরীক্ষায় গতবারের চেয়ে তেত্রিশ হাজার পরীক্ষার্থী বেড়েছে। আগামী ৮ মার্চ থেকে শুরু হচ্ছে দেশের সবচেয়ে বড় এই পাঠশালিক পরীক্ষা। এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল মিলে এবার প্রায় সাড়ে দশ লাখ শিক্ষার্থী জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরীক্ষায় অংশ নিচ্ছে। শেষ মুহূর্তে এসে বিদ্যুত সৃষ্টিয়ার আওতাভুক্ত শিক্ষার্থীরা এবারও একই বিড়ম্বনায় পড়ছে। বিদ্যুতবিদ্রাটের কারণে শেষ মুহূর্তের প্রকৃতিতেও সমস্যা হচ্ছে বলে শিক্ষার্থী ও অভিভাবকরা অভিযোগ করেছেন। তাই বিদ্যুত বিড়ম্বনায় উদ্বিগ্ন শিক্ষার্থী ও অভিভাবকরা আগে থেকেই অসুস্থ পরীক্ষা চলাকালীন বিদ্যুত বিড়ম্বনার বিষয়টি বিশেষ বিবেচনায় রাখার জন্য নির্দেশীয় তদাবধায়ক সরকারের কাছে জোর দাবি জানিয়েছে।

(২- পৃষ্ঠা ২-এর ১৪ নম্বর)

(প্রথম পাতার পর)

সরকারের অধীনে অনুষ্ঠিত হচ্ছে সবচেয়ে বড় এই পরীক্ষা।

শেষ মুহূর্তে সৃষ্টভাবে পরীক্ষা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে শুরু করে বোর্ড ও স্কুল কর্তৃপক্ষও ব্যাপক প্রকৃতি নিচ্ছে। প্রবেশপত্র, খাতা ও প্রশ্নপত্র তৈরির কাজ ইতোমধ্যে শেষ হয়েছে বলে জানা গেছে। মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডসহ দেশজুড়ে নব্বটি শিক্ষা বোর্ডের অধীনে একযোগে অনুষ্ঠিত হবে এই পরীক্ষা। ইংরেজী প্রথম পর্বের মাধ্যমে শুরু হবে পরীক্ষা।

ঢাকা বোর্ডের নয়া চেয়ারম্যান প্রফেসর মনিরুল ইসলাম জনকণ্ঠকে জানিয়েছেন, সৃষ্টভাবে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রকৃতি তারা শেষ করেছে। তিনি আশা প্রকাশ করে বলেন, এবারের পরীক্ষা আগের চেয়েও ভালভাবে অনুষ্ঠিত হবে। এজন্য তিনি সকলের সহযোগিতা চেয়েছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রমতে এবারে এসএসসি, দাখিল ও এসএসসি ভোকেশনাল পরীক্ষায় গতবারের চেয়ে এবার ৩২ হাজার ৮শ' ১৩ শিক্ষার্থী বেড়েছে। এবারে এই তিন পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা দাঁড়িয়েছে দশ লাখ ৩৩ হাজার ৩শ' ৬৭। গতবার এই সংখ্যা ছিল দশ লাখ ৫শ' ৬৪। মোট পরীক্ষার্থীর মধ্যে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা আট লাখ এক হাজার ৯ শ' ৬৮, দাখিলে এক লাখ ৬৮ হাজার ৩৮ এবং এসএসসি ভোকেশনালে ৬৩ হাজার ৩শ' ৬১। গতবার এই সংখ্যা ছিল যথাক্রমে সাত লাখ ৮৯ হাজার ছয় শ' ৬৯, দাখিলে এক লাখ ৬২ হাজার সাত শ' ৩৫ এবং এসএসসি ভোকেশনালে ৪৮ হাজার ১শ' ৬০। বোর্ডওয়ারি এবার এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা হলো ঢাকা বোর্ডে দুই লাখ ৩১ হাজার ৭শ' ৩১, রাজশাহীতে দুই লাখ ১৩ হাজার ১শ' ৫৬, কুমিল্লায় নব্বই হাজার ৯শ' ৩৫, যশোরে এক লাখ ১৮ হাজার ৮শ' ৪১, চট্টগ্রামে ৬২ হাজার ৫শ' ২৬, বরিশালে ৫২ হাজার ১শ' ৬৩ এবং সিলেটে ৩২ হাজার ৬শ' ১৬।

মোট পরীক্ষার্থীর মধ্যে এসএসসি পরীক্ষায় এবার পরীক্ষার্থী বেড়েছে বায়ো হাজার দু'শ' নিরানব্বই। এরমধ্যে সবচেয়ে বেশি ঢাকা বোর্ডে প্রায় সাত হাজার শিক্ষার্থী বেড়েছে। গতবার ঢাকা বোর্ডে পরীক্ষার্থী ছিল দুই লাখ ২৪ হাজার ১শ' ৪১। বোর্ডওয়ারি গতবার অন্য বোর্ডের পরীক্ষার্থী ছিল, রাজশাহীতে দুই লাখ সতেরো হাজার ৯শ' ১৯, কুমিল্লায় নব্বই হাজার ৬শ' ২২, যশোরে এক লাখ সাত হাজার ৪শ' ৭৮, চট্টগ্রামে ৬১ হাজার ৭শ' ৬৩, বরিশালে ৫৬ হাজার ৬শ' ৩৮ এবং সিলেটে ৩১ হাজার ১শ' ৮।

শেষ মুহূর্তে, ভালভাবে পরীক্ষা গ্রহণের সর্বোচ্চ প্রকৃতি শেষ হয়েছে। এবার সারা দেশে নব্বটি পাঠশালিক কেন্দ্রে অনুষ্ঠিত হবে এসএসসি পরীক্ষা। দাখিলের কেন্দ্র সংখ্যা সাড়ে চার শ' মতো। আর ভোকেশনালে কেন্দ্র সংখ্যা ৫ পাঠশালিক।

ষষ্ঠ শ্রেণীর প্রাক মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত

এদিকে শনিবার দেশের সকল নিম্ন মাধ্যমিক স্কুলে ষষ্ঠ শ্রেণীর প্রাক মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এক-শ' নম্বরের এই পরীক্ষাও কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠিত হয়। প্রথমত ২০০৪ সাল থেকে পঞ্চম শ্রেণীর বইয়ের ওপর এই পরীক্ষা অনুষ্ঠিত হয়ে আসছে। ছাত্র ও শিক্ষকরা এই পরীক্ষাটি মূল্যহীন বলে অবহিত করছেন। তাঁদের ভাষায়, পঞ্চম শ্রেণীতে একবার পরীক্ষা দেয়ার পর বছরের তুলতেই আবার এই পরীক্ষার কোন মানে হয় না। এতে করে শিক্ষার্থীদের লাভের চেয়ে ক্ষতিই বেশি হয়। কারণ ষষ্ঠ শ্রেণীর পড়া বাদ দিয়ে তাদের সেই পুরনো পড়া আবার গড়তে হয়।